

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
আইসিটি শাখা

জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের ইনোভেশন ও সেবা পদ্ধতি সহজিকরণ (এসপিএস) সংক্রান্ত তথ্য হালনাগাদকরণ বিষয়ে
অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতি	মোঃ জিল্লুর রহমান চৌধুরী
	যুগ্ম সচিব
সভার তারিখ	১৪ আগস্ট ২০১৮
সভার সময়	বেলা ১১:০০ ঘটিকা
স্থান	যুগ্ম সচিব (প্রশাসন) এর অফিস কক্ষ।
উপস্থিতি	পরিশিষ্ট-ক।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সভার শুরুতে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের উপসচিব ও ইনোভেশন কমিটির সদস্য সচিব, মোছাম্মাৎ ফারহানা রহমান আলোচ্যসূচি অনুযায়ী ইনোভেশন কার্যক্রম বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করেন।

০২। সভায় বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হয়। সভাকে অবহিত করা হয় যে, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ এবং আওতাধীন সকল দপ্তর/সংস্থাসমূহের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি মূল্যায়ন কাঠামো ২০১৮-২০১৯ প্রস্তুত করে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের জন্য নথিতে উপস্থাপন করা হয়েছে। সদয় অনুমোদিত হলে প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হবে। সভায় জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৮-২০১৯ নিয়ে আলোচনা হয়। উদ্ভাবন কর্মপরিকল্পনার মধ্যে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের কর্মকর্তাদের নাম সম্বলিত একটি বোর্ড এ বিভাগের করিডোরে স্থাপন করার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। বোর্ডে সকল কর্মকর্তাদের নাম, পদবী, দায়িত্ব ও কক্ষ নম্বর ক্রমানুসারে থাকতে পারে মর্মে উপস্থিত সদস্যগণ একমত পোষণ করেন। এছাড়া জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সকল কার্যক্রম সম্বলিত ফটোগ্রাফ-ফ্রেম করিডোরের দেয়ালে সজ্জিত করার বিষয়ে সভায় আলোচনা হয়। জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের আওতাধীন সকল দপ্তর/সংস্থাসমূহের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ করার বিষয়ে আলোচনা হয়। অদ্যাবধি বিপিসি, বিপিআই ও হাইড্রোকার্বন ইউনিট হতে বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৮-২০১৯ পাওয়া যায়নি। বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ


ক) জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সকল কর্মকর্তাদের নাম, পদবী, দায়িত্ব ও কক্ষ নম্বর সম্বলিত একটি বোর্ড এ বিভাগের করিডোরে স্থাপন করতে হবে;

খ) এ বিভাগের সকল কার্যক্রম সম্বলিত ফটোগ্রাফ দিয়ে করিডোরের দেয়াল সজ্জিত করা;

গ) এ বিভাগের আওতাধীন সকল দপ্তর, সংস্থা ও কোম্পানিসমূহের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণের নিমিত্ত ত্রৈমাসিক সভা আয়োজন করতে হবে এবং

ঘ) যে সকল সংস্থা/ দপ্তর/ কোম্পানী এখনও বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৮-২০১৯ দাখিল করেনি তাদেরকে আগামী ৩০-০৮-২০১৮ তারিখের মধ্যে দাখিল করার জন্য তাগিদপত্র প্রেরণ করতে হবে।

০৩। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ জিল্লুর রহমান চৌধুরী
যুগ্ম সচিব


স্মারক নম্বর: ২৮.০০.০০০০.০১১.৯৯.০০৪.১৮.৩৩২

তারিখ: ৪ ভাদ্র ১৪২৫

১৯ আগস্ট ২০১৮

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ (দৃষ্টি আকর্ষণ: সিনিয়র সহকারী সচিব, ই-গভর্নেন্স-২ শাখা)
- ২) উপ-সচিব, অপারেশন-২ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
- ৩) উপ-সচিব, উন্নয়ন-৪ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
- ৪) উপ-প্রধান, পরিকল্পনা-২ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
- ৫) সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
- ৬) প্রোগ্রামার, আইসিটি শাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
- ৭) যুগ্মসচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ



মোছাম্মাৎ ফারহানা রহমান
উপ-সচিব